# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

গোপালগঞ্জ।

Web Site:www.gopalgonjpourashava.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-গোপৌ:/প্রবি:/২০২১-২০২২/ তারিখঃ

প্রাপকঃ জনাব.......................................................

সদস্য, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
ও
মেয়র/কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা।

বিষয়ঃ " **মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি** " এর সভায় অংশগ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে আগামী ১৫/১২/২০২১ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় গোপালগঞ্জ পৌরসভা সম্মেলন কক্ষে **"মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি"** এর সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(খাদিজা বেগম)
সভাপতি,
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর
গোপালগঞ্জ পৌরসভা।
তারিখঃ

F:\All Program UGIIP-III\All Rajulition\GAP Rajulation UGIIP-III\Notice\Notice.doc

☎ অফিসঃ ০২৬৬৮৫৫২৩; ০২৬৬৮১১৯০; বাসা ঃ ০২৬৬৮৫৩২৫

# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
## গোপালগঞ্জ।

**"মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির" সভার কার্যবিবরণী ঃ-**

সভাপতি ঃ জনাবা খাদিজা বেগম
০১ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা।
স্থান ঃ পৌর সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ১৫/১২/২০২১ইং
সময় ঃ সকাল ১১:০০ঘটিকা।
স্থান ঃ পৌরসভার সম্মেলন কক্ষ, গোপালগঞ্জ পৌরসভা।

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব কাজী লিয়াকত আলী | মেয়র, গোপালগঞ্জ পৌরসভা (পদাধিকার বলে) | সদস্য | |
| ২. | জনাবা খাদিজা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১ গোপালগঞ্জ পৌরসভা | সভাপতি | [signature] |
| ৩. | জনাব মোহাম্মাদ নাজমুল হাসান | কাউন্সিলর, ০৬ ওয়ার্ড গোপালগঞ্জ পৌরসভা | সদস্য | [signature] |
| ৪. | জনাবা ইসমাত আরা | কাউন্সিলর, সংরক্ষিত আসন-০২ গোপালগঞ্জ পৌরসভা | সদস্য | |
| ৫. | জনাবা সাইয়েদা আক্তার | কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩ গোপালগঞ্জ পৌরসভা | সদস্য | [signature] |
| ৬. | জনাব জসিম উদ্দিন খসরু | কাউন্সিলর, ০৬ ওয়ার্ড গোপালগঞ্জ পৌরসভা | সদস্য | |
| ৭. | জনাব মোঃ জুলফিকার আলী মোল্লা | বস্তি উন্নয়ন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | সদস্য-সচিব | [signature] |

### পর্যবেক্ষর অতিথি

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মনীষা বসু | UGIIP-III | CDA | Monisha |
| ২ | আবু মোহাম্মাদ সলিম | UGIIP-III | CDA | [signature] |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |

# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
# গোপালগঞ্জ।

## "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির" সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ জনাব খাদিজা বেগম
০১ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা।
স্থান ঃ পৌর সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ১৫/১২/২০২১ইং
সময় ঃ সকাল ১১:০০ঘটিকা।
আলোচ্যসূচী ঃ-

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা প্রসঙ্গে।
২। করোনা ভাইরাস প্রতিরোধ নিয়ে আলোচনা।
৩। মাদক দ্রব্যের কুফল নিয়ে আলোচনা।
৪। বিবিধ,

সভায় উপস্থিত "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির" এর সদস্যদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে দেখানো হলো। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপরঃ গোপালগঞ্জ পৌরসভার "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির" সদস্য-সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী থাকলে তা আনার অনুরোধ জানান। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২ নং আলোচনা ঃ করোনা ভাইরাস প্রতিরোধ নিয়ে আলোচনাঃ মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সভাকে জানান যে, আমরা জানি বর্তমানে বিশ্ব জুড়ে নভেল করোনা ভাইরাস (COVID 19) এর মহামারী বিস্তার লাভ করেছে। এর প্রভাবে গোপালগঞ্জ পৌর এলাকায় সংক্রমন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই নভেল করোনা ভাইরাস (COVID 19) এর হাত থেকে বাঁচতে হলে আমাদেরকে সচেতন হতে হবে। আমরা বিনা প্রয়োজনে ঘরের বাহিরে যাবো না, আর যদি প্রয়োজনে বাহিরে যেতে হয় তা হলে মাস্ক ব্যবহার করবো, বাহির থেকে ফিরার পর সাবান পানি দিয়ে হাত ধুয়ে ফেলবো। হাঁচি কাশি দিলে টিসু ব্যবহার করতে হবে এবং ব্যবহারের পর তা আগুনে পুড়িয়ে ফেলতে হবে। ঠান্ডা বা ফ্লু আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ থেকে সতর্ক থাকতে হবে। মাংস ডিম ভালোভাবে সিদ্ধ করে খেতে হবে। ঘরের বাহিরে গেলে সামাজিক দুরত্ব মানে ৩ ফুট দুরত্ব বজায় রাখতে হবে এবং সবাইকে করোনার টিকা নিতে হবে। এর মাধ্যমে আমরা নভেল করোনা ভাইরাস (COVID 19) জয় করতে পারবো।

০৪নং আলোচ্যসূচী অনুযায়ী অত্র কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বর্তমান সমাজে মাদক দ্রব্যের কুফল বিস্তরভাবে পরিলক্ষিত হইতেছে। এমতাবস্থায় মাদকের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য কিছু কর্মসূচী বাস্তবায়ন করা আবশ্যক। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন আলোচনান্তে মাদকের কুফল

সম্পর্কে গনসচেতনতা সৃষ্টির জন্য উঠান বৈঠকে ব্যাপক আলোচনা এবং পৌর এলাকায় মাইকিং এবং লিফলেট বিতরনের কর্মসুচী গ্রহন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫ নং আলোচনা ঃ বিবিধ ঃ- পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

(খাদিজা বেগম)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
গোপালগঞ্জ পৌরসভা
গোপালগঞ্জ।

স্মারক নং- গোঃপৌঃ/

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে।

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। মেয়র, গোপালগঞ্জ পৌরসভা।
৩-৭। জনাব ---------------------- কাউন্সিলর,মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য, গোপালগঞ্জ পৌরসভা।
৮-৯। জনাব ----------------------- সহায়তাকারী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।
১০। উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), গোপালগঞ্জ পৌরসভা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
১১। সংশ্লিষ্ট নথি, গোপালগঞ্জ পৌরসভা।

(খাদিজা বেগম)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
গোপালগঞ্জ পৌরসভা
গোপালগঞ্জ।